# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উল্লেখিত হাদীসের শেষাংশ আবূ সালিহের বক্তব্য; যা ইবনু ইদরীস হাদীসের মাঝে ঢুকিয়ে দিয়েছেন মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ اللَّفْظَةَ الْأَخِيرَةَ إِنَّمَا هِيَ مِنْ قَوْلِ أَبِي صَالِحٍ أَدْرَجَهُ ابْنُ إِدْرِيسَ فِي الْخَبَرِ

---

আরবী

2477 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نُصَلِّيَ بَعْدَ الْجُمُعَةِ أَرْبَعًا.

قَالَ سُهَيْلٌ: قَالَ لِي أَبِي: إِنْ لَمْ تُصَلِّ فِي الْمَسْجِدِ الْحَرَامِ أَرْبَعَ ركعاتٍ فَصَلِّ فِي الْمَسْجِدِ رَكْعَتَيْنِ وَفِي بيتك ركعتين

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2477 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1036): م دون ذكر: ((الحرام))؛ فإنه شاذ.

বাংলা

২৪৭৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে জুমু‘আর পর চার রাকা‘আত সালাত আদায় করার নির্দেশ দিয়েছেন।”

সুহাইল রহিমাহুল্লাহ বলেন, “আমার বাবা আমাকে বলেছেন, “যদি তুমি মাসজিদে হারামে চার রাকা‘আত সালাত আদায় না করো, তবে তুমি মাসজিদে দুই রাকা‘আত আর বাড়িতে দুই রাকা‘আত সালাত আদায় করবে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮৮১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/১৩৩; মুসনাদ আহমাদ: ২/২৪৯; ইবনু মাজাহ: ১১৩; সুনান বাইহাকী: ২/২৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির “হারাম” কথা বাদে বাকী অংশ সহীহ বলেছেন। আর “হারামের বর্ণনাকে শায বা দুর্বল বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91803

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন